

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
অডিট ও সমন্বয় অধিশাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০১০.২৭.০৩২.১৭-২৫১


তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৫
২৫ নভেম্বর ২০১৮

অফিস আদেশ

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫-এর অনুচ্ছেদ ৫.১ অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর ০১/০৬/২০১৭ তারিখের ৫২.০০.০০০০.০২৮.২৭.০৩২.১৬-২৭ নং স্মারকে নিয়োগকৃত অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা যুগ্মসচিব (প্রশাসন) বেগম শাহনুন নেছা এর পরিবর্তে যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) জনাব মোঃ তরিকুল আলম-কে নির্দেশক্রমে নিয়োগ দেয়া হলো।

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)-এর কার্যপরিধি:

- (ক) প্রতিষ্ঠান-প্রধানকে অবহিতকরণপূর্বক বর্ণিত নির্দেশিকা-এর ৬.২ অনুচ্ছেদের নির্দেশাবলি অনুসরণে কার্যক্রম গ্রহণ এবং অভিযোগের বিষয়ে সরাসরি প্রতিষ্ঠান-প্রধানের নিকট রিপোর্ট প্রদান;
- (খ) প্রাপ্ত অভিযোগসমূহ বিশ্লেষণ করে যে সকল অভিযোগের পুনরাবৃত্তি ঘটে থাকে, সেগুলি চিহ্নিতকরণ;
- (গ) সেবা প্রদান পদ্ধতি এবং সংশ্লিষ্ট আইন-বিধি ও নীতিমালা প্রণয়ন/সংশোধনের সুপারিশ প্রদান;
- (ঘ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা সংশোধন এবং বিভিন্ন বিষয়ে আদর্শমান প্রবর্তন সম্পর্কে সুপারিশ প্রদান;
- (ঙ) আওতাধীন দপ্তরসমূহে অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা পরিদর্শন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
- (চ) প্রাপ্ত অভিযোগ এবং নিষ্পত্তি-সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন;
- (ছ) পত্রিকায় প্রকাশিত কোন সংবাদ, প্রতিবেদন বা চিঠিপত্রে অভিযোগের উল্লেখ থাকলে সেগুলি পরীক্ষান্তে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ;
- (জ) সপ্তাহে একদিন গণশুনানি গ্রহণ;
- (ঝ) অভিযোগকারীকে অভিযোগের ফলাফল সম্পর্কে অবহিতকরণ;
- (ঞ) অভিযোগের রেকর্ড সংরক্ষণ; এবং
- (ট) দপ্তর-প্রধানের নিকট মাসিক প্রতিবেদন উপস্থাপন।


শেখ মুশ্টিদুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৫৫০০৭৩৮০

বিতরণ:

- ১। জনাব মোঃ তরিকুল আলম, যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ২। জনাব মোহাম্মদ জাহেদুর রহমান, উপসচিব, অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।